

নকলের বিরুদ্ধে গণজাগরণ শুরু

হয়েছে.....শিক্ষামন্ত্রী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, পরীক্ষায় নকলের বিরুদ্ধে গণজাগরণের সৃষ্টি হয়েছে। সম্পূর্ণ নকলমুক্ত হয়েছে এটি বলবো না তবে নকল কমেছে। নকল হলো জাতীয় জীবনের ক্যান্সার। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পত্রিকার ওয়েব সাইট উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, নকল বন্ধ করার জন্য পরীক্ষা পদ্ধতির আমূল পরিবর্তনের চিন্তা-ভাবনা চলছে। আর এক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহারের প্রয়োজন রয়েছে।

(১৪শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

শিক্ষামন্ত্রী

(৩য় পৃঃ পর)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের জিসি অধ্যাপক আব্দুল মমিন চৌধুরীর সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন নর্থ-সাউথ ইউনিভার্সিটি ফাউন্ডেশনের চেয়ারম্যান আজিমুদ্দিন আহমেদ, প্রফেসর হাফিজ জি এ সিদ্দিকী, কম্পিউটার সমিতির সভাপতি সবুর খান, সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক আব্বাস উদ্দীন আহমেদ, ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ কাজী ফারুকী, ক্যাম্পাস পত্রিকার সম্পাদক এম হেলাল। ওয়েব সাইটে শিক্ষা প্রশাসন, বাংলাদেশের শিক্ষা ও শিক্ষাসনের বিস্তারিত তথ্য এবং দেশের প্রায় ৭২ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের নাম-ঠিকানা ও ফোন নম্বর রয়েছে। ওয়েব সাইটের ঠিকানা হল www.universitycampus.org.